দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0.4 JUN 1988
পৃষ্ঠা ... কলাম ...

# 'শিক্ষার গুণগত উৎকর্ষের লক্ষ্যে উন্নত পাঠ্য পুস্তক প্রণয়ন করিতে হইবে'

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষার গুণগত উৎকর্ষ সাধনের জন্য উন্নত পাঠ্যপুস্তক প্রণয়ন ও প্রকাশের উপর গুরুত্ব আরোপ

(২য় পৃঃ দ্রঃ)

## শিক্ষার গুণগত উৎকর্ষ

(১ম পৃঃ পর)

করিয়াছেন। মন্ত্রী গতকাল (শনিবার) সকালে পুরাতন ঢাকায় মঈনউদ্দিন মেমোরিয়াল হলে (লালকুঠি) বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির বিশেষ সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতা করিতেছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, এমন পাঠ্যপুস্তক প্রণয়ন ও প্রকাশ করিতে হইবে যাহার মাধ্যমে ছাত্র-ছাত্রীরা উন্নত মূল্যবোধ, নেতৃত্বের গুণাবলী অর্জন, দেশপ্রেম ও উন্নত চরিত্রের অধিকারী হওয়ার সুযোগ পায়। তিনি বলেন, পুস্তক প্রকাশক ও বিক্রেতারা দেশের শিক্ষা বিস্তার এবং পাশাপাশি শিক্ষার মনোন্নয়নের সাথেও সম্পৃক্ত রহিয়াছেন।

সম্মেলনে পাঠ্য পুস্তকের মানোন্নয়নে সকল প্রকার সাহায্য ও সহযোগিতা প্রদান করার জন্য পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির পক্ষ হইতে আশ্বাস দেওয়া হয়।

বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সভাপতি সংসদ সদস্য জাহাঙ্গীর মোহাম্মদ আদেলের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সম্মেলনে আরও বক্তৃতা করেন সংগঠনের মহাসচিব আবু তাহের এবং এএম নুরুল হক। —তথ্য বিবরণী।